দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 7 1999 ..
পৃষ্ঠা ২৭ কলাম ২ ..

৪৩

# মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে বেগমগঞ্জে জমিয়াতুল মোদার্রেছীনের বিক্ষোভ সমাবেশ

বেগমগঞ্জ নিজস্ব সংবাদদাতা ঃ সরকার কর্তৃক মাদ্রাসা স্বীকৃতি প্রত্যাহারের সিদ্ধান্তে সম্প্রতি বেগমগঞ্জ থানার বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের উদ্যোগে মাদ্রাসাসমূহের অধ্যক্ষ এবং কয়েকশ' বিশিষ্ট আলেমে দ্বীনের এক জরুরী প্রতিবাদ সমাবেশ বেগমগঞ্জ থানা সভাপতি মাওলানা আবু ইউসুফ মোহাম্মদ ছেরাজুর রহমানের সভাপতিত্বে চৌমুহনী রেজিস্ট্রি অফিস মসজিদ চত্বরে অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা সরকার কর্তৃক সারাদেশে সাড়ে চার হাজার মাদ্রাসা বন্ধ, স্বীকৃতি প্রত্যাহার, অনুদান বন্ধের সিদ্ধান্তে তীব্র ক্ষোভ ও নিন্দা জানিয়েছেন। বক্তারা বলেন, মাদ্রাসা অফিসে ছবি ঝুলানোর নির্দেশ, আলিম ও ফাজিল মাদ্রাসার অধ্যক্ষদের দীর্ঘ বিশ বছর পর সুপার লেখার নির্দেশ, মাদ্রাসার ফাজিল পাস ছাত্রদের ডিগ্রীর মান না দেয়া, বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করতে না দেয়া, বিভিন্ন কলেজ থেকে সুকৌশলে মাদ্রাসার ছাত্রদের ভর্তি হতে বঞ্চিত রাখা, মাদ্রাসা স্বীকৃতি প্রত্যাহার, বেতন বন্ধের সিদ্ধান্ত, অহেতুক নানা ধরনের শর্ত আরোপ করে দ্বীনি প্রতিষ্ঠান বন্ধ করা সরকারের সুদূরপ্রসারী এক গভীর চক্রান্ত।

বক্তারা অবিলম্বে মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে সরকারী ষড়যন্ত্র প্রত্যাহারের জোর দাবী জানান। অন্যথায় আন্দোলনের ব্যাপক কর্মসূচী ঘোষণা করার হুঁশিয়ারি উচ্চারণ করেন। সমাবেশে বক্তব্য রাখেন- মাওলানা রফিকুল হক, মাওলানা এএইচএম আবদুল হাই, মাওলানা ইসমাইল, মাওলানা সাইফুল্লাহ মুনীর, মাওলানা আলাউদ্দিন, মাওলানা আবুদল মালেক, মাওলানা আবদুশ শহিদ, মাওলানা ছেরাজুল করিম ভুঁইয়া, মাওলানা ছালেহ উদ্দিন, মাওলানা বেলায়েত হোসেন, মাওলানা আজিজুর রহমান, মাওলানা গিয়াছ উদ্দিন, মাওলানা আবদুল বাতেন, মাওলানা নাছির উদ্দিন, মাওলানা আমিন উল্লাহ প্রমুখ।